**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 18-10-2025** **Desk in Charge : SDG**
**Time : 7-35 AM** **Compiling : DSS**
**DEO : KB** **NR:- DSS**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১/ প্রতিবেশী বিহারে আসন্ন বিধানসভা ভোটের প্রেক্ষিতে নির্বাচন কমিশন এমাসের শেষে পশ্চিমবঙ্গ, বিহার সহ চার রাজ্যের প্রশাসনিক কর্তাদের সঙ্গে বৈঠকে বসবে।

২/ কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক, পূর্বতন সহকারী জাতীয় উপদেষ্টা তথা BSF-এর প্রাক্তন DIG পঙ্কজ কুমার সিং-কে ‘গোর্খাল্যান্ড’ সমস্যা সমাধানে মধ্যস্থতাকারী হিসেবে নিয়োগ করেছে।

৩/ মধ্যপ্রদেশ ও রাজস্থানে কাফ সিরাপ বিপর্যয়ের পর এরাজ্যে সরকারি হাসপাতালে ওষুধ পাঠানোর আগে প্রতিটি ব্যাচের মান পরীক্ষা বাধ্যতামূলক করা হয়েছে।

৪/ রাজ্য সরকার আশা ও অঙ্গনওয়ারী কর্মীদের স্মার্ট ফোন কেনার জন্য দশ হাজার টাকা করে দিয়েছে।

৫/ আজ ধনতেরশ। সমৃদ্ধির প্রতীক এই উৎসবকে কেন্দ্র করে সেজে উঠেছে গোটা রাজ্য। # চলেছে দীপাবলির প্রস্তুতি।

৬/ পশ্চিমী ঝঞ্ঝার কারণে আজ ও আগামীকাল উপকূলবর্তী জেলাগুলিতে বৃষ্টির পূর্বাভাস।

৭/ ১২৫-তম IFA শিল্ড ফুটবলের ফাইনালে আজ মোহনবাগান সুপার জায়ান্ট ও ইস্টবেঙ্গল মুখোমুখি হবে।

*************************************************************************

প্রতিবেশী বিহারে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রেক্ষিতে নির্বাচন কমিশন এমাসের শেষে, বিহার, ঝাড়খন্ড, পশ্চিমবঙ্গ এবং উত্তরপ্রদেশ প্রশাসনের সঙ্গে বৈঠকে বসবে। মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার আগামী ৩০ অক্টোবর এই চার রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক বা CEO-দের সঙ্গে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বৈঠক করবেন। এছাড়াও থাকবেন সব রাজ্যের মুখ্য সচিব, স্বরাষ্ট্র সচিব, রাজ্য পুলিশের ডিজি, সেন্ট্রাল এক্সসাইজ বিভাগ সহ অন্য শুল্ক দপ্তরের আধিকারিকরা । ভোটের সময় প্রতিবেশী রাজ্য থেকে কেউ যাতে টাকা, মদ এবং আগ্নেয়াস্ত্র নিয়ে বিহারে প্রবেশ করতে না পারে তা নিয়েই এই বৈঠক বলে কমিশন সূত্রে জানা গেছে।

**********************

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক, পূর্বতন সহকারী জাতীয় উপদেষ্টা তথা BSF-এর প্রাক্তন DIG পঙ্কজ কুমার সিং-কে ‘গোর্খাল্যান্ড’ সমস্যা সমাধানে মধ্যস্থতাকারী হিসেবে নিয়োগ করেছে। গোর্খা জনমুক্তি মোর্চা, এক প্রেস বিজ্ঞপ্তিতে কেন্দ্রের এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ-কে ধন্যবাদ জানিয়েছে। দলের সভাপতি বিমল গুরুং এবং সাধারণ সম্পাদক রোশন গিরি বলেছেন, দার্জিলিং পাহাড়, তরাই এবং ডুয়ার্সে বসবাসকারী মানুষদের সমস্যার সমাধানে কেন্দ্রীয় সরকার যে উদ্যোগ নিয়েছে, তা’ প্রশংসার দাবী রাখে। তাঁরা দার্জিলিং-এর সাংসদ রাজু বিস্তাকেও ধন্যবাদ জানিয়েছেন।

**********************

সারদা চিটফান্ড মামলায় সুপ্রিম কোর্ট, রাজ্য পুলিশের মহানির্দেশক রাজীব কুমারের আগাম জামিন বহাল রাখার নির্দেশ দিয়েছে। প্রধান বিচারপতি বি আর গাভাই জানিয়েছেন, কলকাতা হাইকোর্ট রাজীব কুমারকে যে আগাম জামিনের নির্দেশ

দিয়েছিল, তা বহাল থাকছে। তবে তাঁর বিরুদ্ধে CBI-এর আদালত অবমাননার অভিযোগ নিয়ে শুনানি গ্রহণ করবে শীর্ষ আদালত। আট সপ্তাহ পরে হবে এই শুনানি।

**********************

মধ্যপ্রদেশ ও রাজস্থানের কফ সিরাপ বিপর্যয়ের পর এরাজ্যের সরকারি হাসপাতালে ওষুধ পাঠানোর আগে প্রতিটি ব্যাচের মান পরীক্ষা বাধ্যতামূলক করা হয়েছে। মুখ্যমন্ত্রী তথা স্বাস্থ্যমন্ত্রী মমতা ব্যানার্জির নির্দেশ উল্লেখ করে স্বাস্থ্য দফতর জানিয়েছে, গুণমান যাচাই ছাড়া কোনও ব্যাচই আর সরকারি ওষুধের ভান্ডারে অন্তর্ভুক্ত করা যাবে না। এতদিন জেলা ও কলকাতার সরকারি হাসপাতালগুলিতে ওষুধ পৌঁছানোর পর ব্যাচ টেস্ট করা হত, এখন থেকে ওষুধ পাঠানোর আগেই পরীক্ষা বাধ্যতামূলক হচ্ছে। নতুন নিয়মে, বেসরকারি সংস্থাগুলিকে প্রতিটি ব্যাচের মান যাচাইয়ের সার্টিফিকেট জমা দিতে হবে রাজ্যের সেন্ট্রাল মেডিসিন স্টোরে। সার্টিফিকেট অবশ্যই এনএবিএল স্বীকৃত পরীক্ষাগার থেকে প্রাপ্ত হতে হবে। সার্টিফিকেট জমা দেওয়ার পরেই ওষুধের নাম অন্তর্ভুক্ত হবে স্টোর ম্যানেজমেন্ট ইনফর্মেশন সিস্টেম (এসএমআইএস) পোর্টালে।

**********************

পুরুলিয়ার দেবেন মাহাতো মেডিক্যাল কলেজ হাসপাতালের ইন্টার্ন চিকিৎসকরা আজ থেকে কাজে যোগ দিতে চলেছেন। তাঁদের সমস্যার সমাধানে জেলা প্রশাসন ও স্বাস্থ্য কর্তাদের সঙ্গে দফায় দফায় বৈঠকের পর গতকাল তাঁরা কর্মবিরতি তুলে নেন। ওই হাসপাতালের MSVP সুকোমল বিষয়ী বলেছেন, ক্যাম্পাসের সদর হাসপাতাল, হাতুয়াড়ায় মূল মেডিক্যাল কলেজে নিয়ে আসার উদ্যোগ নিতে বলা হয়েছে। এছাড়া, যাতায়েতের রাস্তায় পর্যাপ্ত আলো এবং কলেজে জলের ব্যবস্থা রাখার আশ্বাসও মিলেছে।

উল্লেখ্য, দুর্গাপুরের বেসরকারি মেডিক্যাল কলেজের সাম্প্রতিক ঘটনার পর পুরুলিয়াতেও নিরাপত্তার দাবীতে পাঁচ দিন কাজ বন্ধ রাখেন ইন্টার্নরা।

**********************

স্তন ক্যান্সার সম্পর্কে সচেতনতা বাড়ানোর লক্ষ্যে গোটা অক্টোবর,বিশ্বজুড়ে উদযাপিত হচ্ছে স্তন ক্যান্সার সচেতনতা মাস হিসেবে। এই রোগে আক্রান্তদের সাহায্য করা এবং গবেষণার কাজে অর্থ সংগ্রহ এই প্রচারাভিযানের অন্যতম উদ্দেশ্য। এর অঙ্গ হিসেবে কলকাতা প্রেসক্লাব গতকাল আয়োজন করে একটি স্বাস্থ্য শিবির ও আলোচনা সভার। নানা স্তরের মহিলারা এই রোগ সম্পর্কে জানতে শিবিরে অংশ নেন। আলোচনা শেষে বিশিষ্ট ক্যান্সার চিকিৎসক ডক্টর শ্রেয়া মল্লিক আকাশবাণীকে বলেন, প্রাথমিক স্তরে রোগ নির্ণয় এবং চিকিৎসার মাধ্যমে এথেকে সম্পূর্ণ মুক্তি পাওয়া সম্ভব।

( বাইট-ডঃ শ্রেয়া মল্লিক )

**********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৬ শে অক্টোবর আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৭-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

**********************

চলতি উৎসবের মরসুমে রাজ্য সরকারের অধীনস্থ সব সরকারি ও আধা সরকারি অফিসে আজ থেকে আরও এক দফা পুজোর ছুটি শুরু হতে চলেছে। কালীপুজো, দীপাবলি, ভাইফোঁটা ও ছটপুজো নিয়ে টানা এগারো দিন ছুটি পাবেন এই কর্মীরা।

২৯ অক্টোবর থেকে সব অফিস আবার খুলবে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে।

**********************

আজ ধনতেরস। সমৃদ্ধির প্রতীক এই ধনতেরস বা ধন-ত্রয়োদশী কেন্দ্র করে সোনার দোকানগুলি'ও সেজে উঠেছে। দেওয়া হচ্ছে বিভিন্ন অফার'ও। তবে সোনার দাম বেশি হওয়ায় অনেকেই স্বর্ণালংকারের পরিবর্তে বাসন বা ধাতব সামগ্রী কিনে ধনতেরাস উদযাপন করছেন। এই উপলক্ষে অনেক গৃহস্থর বাড়িতে ধন-সম্পদের অধিষ্ঠাত্রী দেবী লক্ষী ও দেবতা কুবেরের পুজোর আয়োজন করা হয়েছে।

এদিকে, কালীপুজো ও আলোর উৎসব দীপাবলীর জোরদার প্রস্তুতি চলেছে গোটা রাজ্যেই। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী গতকাল কলকাতার গিরিশ পার্ক সহ কয়েকটি পুজোর উদ্বোধন করেন। আলোর মালায় সাজিয়ে তোলা হয়েছে শহরের বিভিন্ন এলাকা।

অন্যদিকে, আসন্ন কালীপুজো, দীপাবলি ও ছটপুজোতে সুপ্রীম কোর্ট, কলকাতা হাইকোর্ট ও পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের নির্দেশ মেনে নিষিদ্ধ শব্দবাজি যাতে কোনভাবেই পোড়ানো না হয়, রাজ্য সরকার সব জেলা প্রশাসনকে তা' সুনিশ্চিত করতে বলেছে। অমান্য করলে কড়া পদক্ষেপ নেওয়ার জন্যে মুখ্যসচিব মনোজ পন্থ সব জেলাশাসক ও পুলিশ প্রশাসনকে নির্দেশ দিয়েছেন। কলকাতার বিভিন্ন আবাসন সহ নানা জায়গায় কড়া নজরদারি ও অগ্নিকান্ড প্রতিরোধে সব ধরনের ব্যবস্থা নিতেও বলা হয়েছে।

**********************

কালীপুজো ও দীপাবলির আগে নিষিদ্ধ বাজি বিক্রি রুখতে দক্ষিণ ২৪ পরগণার মহেশতলা ও বজবজে অভিযান চালায় ডায়মন্ড হারবার জেলা পুলিশ। পুলিশ সূত্রে জানা গেছে, গত একমাসে মহেশতলা ও বজবজ থানার উদ্যোগে একাধিক তল্লাশি অভিযানে প্রায় ১ হাজার কিলো নিষিদ্ধ বাজি বাজেয়াপ্ত করা হয়েছে।

মহেশতলা থানা এলাকায় ১৩টি এবং বজবজ থানা এলাকায় ১০টি FIR দায়ের হয়েছে। এছাড়াও প্রচুর নিষিদ্ধ বাজি নষ্ট করা হয়েছে।

ডায়মন্ড হারবারের পুলিশ সুপার বিশপ সরকার জানান, দীপাবলির আগে পরিবেশ ও নাগরিক নিরাপত্তা বজায় রাখতে পুলিশ সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করছে। নুঙ্গি ও বজবজের বাজি বাজারে পুলিশি নজরদারি আরও জোরদার করা হয়েছে।

**********************

উত্তর ২৪ পরগণার বারাসতে কালিপুজোর ভিড় নিয়ন্ত্রণে যান চলাচলের ক্ষেত্রে বিশেষ ব্যবস্থা নেওয়া হচ্ছে। জেলা পুলিশ সুপার প্রতিক্ষা ঝারখারিয়া গতকাল এক সাংবাদিক বৈঠকে বলেন, আগামীকাল ১৯শে অক্টোবর থেকে ২৩ তারিখ পর্যন্ত বিকেল ৪ টে থেকে ভোর ৪ টে অব্দি ট্রাফিক বিধিনিষেধ বলবত থাকবে। অবস্থা বুঝে কিছুটা ছাড় দেওয়া হবে। এই উপলক্ষ্যে বিশেষ ওয়েবসাইট খোলা হয়েছে বলে জেলা পুলিশ সুপার জানান-

( বাইট- SP / বারাসাত )

**********************

ছোট গাড়ির GST হার কমার ফলে সারা দেশ থেকে বিক্রি বেশি হওয়ার খবর আসছে। সমীক্ষায় উঠে এসেছে, উৎসবের মরশুমে দেশের অন্যতম অটোমোবাইল কোম্পানি মারুতি, রেকর্ড সংখ্যক গাড়ি বুকিং ও বিক্রি করেছে।

একটি প্রতিবেদন- ( ভিসি- কাশফিন )

**********************

বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বৃদ্ধি পাওয়া এবং পশ্চিমী ঝঞ্ঝার কারণে আজ ও আগামীকাল দুদিন, রাজ্যের উপকূলবর্তী জেলাগুলিতে মেঘলা আকাশ এবং হালকা বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। এছাড়া গোটা রাজ্যেই শুষ্ক আবহাওয়া বজায় থাকবে।

এদিকে তাপমাত্রার তারতম্যের কারণে ভোরের দিকে অনেক জায়গাতেই হালকা শীতের আমেজ অনুভূত হচ্ছে।

**********************

মোহনবাগান সুপার জায়ান্ট ও ইস্টবেঙ্গল আজ ১২৫ তম আইএফএ শিল্ড ফুটবলের ফাইনালে মুখোমুখি হবে। যুবভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা ছয়টায়।

এই মরশুমে তৃতীয় বার ডার্বি ম্যাচে দুই চিরপ্রতিদ্বন্দ্বী একে অপরের বিরুদ্ধে মাঠে নামতে চলেছে। ডুরান্ড কাপ ও কলকাতা প্রিমিয়ার লিগে দুবারই ইস্টবেঙ্গল জয়ী হয়েছে। ইস্টবেঙ্গলের সামনে তৃতীয়বার ডার্বি জয়ের হাতছানি।

**********************

ইডেনে চারদিনের রঞ্জি ট্রফি ক্রিকেটের ম্যাচের শেষ দিনে উত্তরাখন্ড আজ দ্বিতীয় ইনিংসে দুই উইকেটে ১৬৫ রান হাতে নিয়ে খেলতে নামবে। অধিনায়ক কুণাল চান্ডেলা ৬৮ রানে অপরাজিত রয়েছেন। উত্তরাখন্ড এখন বাংলার তুলনায় ৫৫ রানে এগিয়ে। তৃতীয় দিনে বাংলার প্রথম ইনিংস ৩২৩ রানে শেষ হয়। উত্তরাখণ্ড প্রথম ইনিংসে করেছিলো ২১৩ রান।

**********************************************************